**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-২)-৩৪ তারিখ: ২৩ পৌষ ১৪২৭ / ০৭ জানুয়ারি ২০২১

# প্রজ্ঞাপন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-২)-৩৪।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা ০৭ জানুয়ারি ২০২১ তারিখে জারীকৃত স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-২)-৩৩ মূলে স্থগিতকৃত ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার মেয়র পদে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করতেছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ জানুয়ারি ২০২১<br>০৩ মাঘ ১৪২৭ | রবিবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ জানুয়ারি ২০২১<br>০৫ মাঘ ১৪২৭ | মঙ্গলবার |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ জানুয়ারি ২০২১<br>১২ মাঘ ১৪২৭ | মঙ্গলবার |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ১৪ ফেব্রুয়ারি ২০২১<br>০১ ফাল্গুন ১৪২৭ | **রবিবার** |
| **ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত** | | | | |

০২। উল্লিখিত ত্রিশাল পৌরসভার স্থগিত সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদেও ১৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। স্থগিত নির্বাচন সম্পন্নের লক্ষ্যে মেয়র পদে মনোনয়নপত্র দাখিলের সুযোগ প্রদানের প্রয়োজন হবে। তবে ইতঃপূর্বে মেয়র পদে যারা মনোনয়নপত্র দাখিল করেছেন, তাদের নতুন করে আর মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না। সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নতুন করে মনোনয়নপত্র দাখিলের সুযোগ থাকবে না । ফলে সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে যে পর্যায় থেকে নির্বাচন স্থগিত করা হয়েছে, সে পর্যায় থেকে বিদ্যমান প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে নির্বাচন অনুষ্ঠান প্রয়োজন হবে। উক্ত নির্বাচনটি ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

০৩। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৫১৭ তারিখ: ১৪ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার বহাল থাকবেন। এছাড়া স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৫১৮ তারিখ: ১৪ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল থাকবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
৭/১/২০২১
(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ২৫ (পঁচিশ) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

E:\2020-2021\Pourashava Election\... Schidule\Schedule Trishal.doc

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-২)-৩৪ তারিখ: ২৩ পৌষ ১৪২৭ / ০৭ জানুয়ারি ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, .................................................. (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, .................................................. (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৭. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ
১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ
১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ( নির্বাচনের তারিখের সাথে সমন্বয় করে নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)
১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উল্লিখিত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল]
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, ময়মনসিংহ ও আপিল কর্তৃপক্ষ
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
১৮. পুলিশ সুপার, ময়মনসিংহ
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ ও রিটার্নিং অফিসার (১ম হতে ৪র্থ ধাপের *পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত/জারীতব্য আদেশ-নির্দেশ, পরিপত্রের নির্দেশনা এবং আইন ও বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠান করার জন্য অনুরোধ করা হল। এছাড়া উক্ত নির্বাচন স্থগিতের পূর্বে যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছিল তাও অনুসরণ করতে হবে।* )
২২. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ
২৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. উপজেলা নির্বাচন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ত্রিশাল থানা, ময়মনসিংহ।

07/01/2021

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮